গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা - ১০০০।

নং - ০৭.০৩.০০০০.০০২.২৬.১৩২.১৮-৯৭৪

তারিখ ঃ ১৪-১০-২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ে অফিস সহায়ক (এমএলএসএস) পদে নিয়োগ প্রদান।**

অর্থ বিভাগের স্মারক নং ০৭.০০.০০০০.০৮২.১১.০০২.১৮.২৩৮, তারিখ ২৪/০৬/২০১৮ খ্রিঃ এর মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে নিয়োগ সংক্রান্ত বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ অনুযায়ী হিসাব মহানিয়ন্ত্রক মহোদয় নিম্নোক্ত রোল নম্বরধারী ২৫০ (দুইশত পঞ্চাশ) জনকে তালিকার শেষে উল্লিখিত শর্তসাপেক্ষে সম্পূর্ন **অস্থায়ীভাবে অফিস সহায়ক (এমএলএসএস) পদে** জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড ২০ এর টাকা ৮২৫০-৮৬৭০-৯১১০-৯৫৭০-১০০৫০-১০৫৬০-১১০৯০-১১৬৫০-১২২৪০-১২৮৬০-১৩৫১০-১৪১৯০-১৪৯০০-১৫৬৫০-১৬৪৪০-১৭২৭০-১৮১৪০-১৯০৫০-২০০১০/- বেতনক্রম অনুযায়ী নিয়োগ প্রদানের জন্য অনুমোদন প্রদান করেছেন।

(রোল নম্বরসমূহ মেধার ক্রমানুসারে নয়)

| জেলার নাম | রোল নম্বর | জেলার নাম | রোল নম্বর |
|---|---|---|---|
| জামালপুর | ০২৪, ০৫২, ০৭৪, ১০১ | ঝিনাইদহ | ০০৮, ০১৩, ০৩০ |
| শেরপুর | ০০৭, ০৬৫ | যশোর | ০৯, ০১৯, ০২৬, ০৩৯, ০৪২, ০৫২, ০৭৪ |
| ময়মনসিংহ | ০২৪, ০৩৩, ০৩৭, ০৫৭, ০৬২, ০৯৩, ১৩৩, ১৭৩, ২১২ | সাতক্ষীরা | ০০৫, ০১৭, ০৫১, ০৬১, ০৬৭ |
| নেত্রকোনা | ০১৬, ০২৫, ০৬১, ০৭৫ | খুলনা | ০৩৯, ০৫১, ০৬২, ০৮০, ১০৯ |
| কিশোরগঞ্জ | ০৪৯, ০৫১, ১০৯, ১২১, ১২৮ | বাগেরহাট | ০০৬, ০২২, ০৬৯ |
| টাংগাইল | ০০৯, ০১৭, ০৪৯, ০৭৮, ১০২, ১২৩ | পঞ্চগড় | ০১৮, ০২২ |
| গাজীপুর | ০২২, ০৩৩, ০৩৪, ০৩৬, ০৭৮, ০৯১,০৯২ | ঠাকুরগাও | ০১২, ০২৬, ০৪০ |
| নরসিংদী | ০১৩, ০৫২, ০৭২, ০৮২, ০৮৩ | দিনাজপুর | ০০৫, ০০৭, ০৬৪, ০৮২, ১১৭ |
| মানিকগঞ্জ | ০০৮, ০২৩, ০৩৮ | নীলফামারী | ০০৩, ০১২, ০২০, ০৩৯ |
| ঢাকা | ০১৮, ০২২, ০২৬, ০৮০, ০৯৮, ১১০, ১৪৫, ১৬৭, ১৭৯, ১৮৩, ১৮৬, ১৮৮, ১৯০, ১৯১, ১৯২, ১৯৪, ১৯৭, ২০৫, ২১৯, ৩১৫, ৩৭৪, ৪১৩, ৪৪৪, ৫০১ | রংপুর | ০০৬, ০১২, ০৪৪, ০৫৪, ১১০ |
| মুন্সীগঞ্জ | ০০১ | লালমনিরহাট | ০২৪ |
| নারায়নগঞ্জ | ০১৫, ০১৯, ০২০, ০৬৫, ০৮০ | কুড়িগ্রাম | ০১৮, ০২০, ০৬৫, ০৮৮ |
| রাজবাড়ী | ০১৫, ০২৩, ০৫১, | গাইবান্ধা | ০১২, ১০৬, ১২৩, ১৬৭, ২১৫ |
| ফরিদপুর | ০২৬, ০৩২, ০৯৫ | জয়পুরহাট | ০০৩ |
| মাদারীপুর | ০১৬, ০২০ | বগুড়া | ০০৯, ০২৫, ০৫৪, ০৮০, ১০৫, ১১৮, ১২৭ |
| শরীয়তপুর | ০০৭, ০২৩ | নওগাঁ | ০০৬, ০২৪, ০৩১, ০৬১, ০৬৮, ০৭৬, ০৮২ |
| বি-বাড়িয়া | ০০২, ০০৪, ০২৮, ০৪৭, ০৫৩, ০৭০ | চাপাইনবাবগঞ্জ | ০২৪, ০৩১, ০৩৪ |
| কুমিল্লা | ০০৮, ০৭২, ১৪২, ১৫৬, ১৭৪, ১৭৯, ১৮৩, ২১৮, ২৫৯, ২৮৫, ২৯১ | রাজশাহী | ০০৪, ০১৭, ০২১, ০৪০ |
| নোয়াখালী | ০৩৩, ০৫৭, ০৫৯, ০৮৫, ০৯১, ১১১, ১১২ | নাটোর | ০০১, ০০৫, ০৩৯ |
| ফেনী | ০০১, ০০৬, ০২৮ | সিরাজগঞ্জ | ০৪১, ০৫৫, ০৮০, ১১১, ১৫৪ |
| চট্টগ্রাম | ০০৮, ০১৮, ০২৮, ০৪৯, ০৫৪, ০৬৩, ০৯৩, ০৯৪, ০৯৫, ০৯৯, ১০৮, ১২৪, ১৩১, ১৬২ | পাবনা | ০২৩, ০২৬, ০৮০, ০৯৯, ১০১, ১০৪, ১১১ |
| কক্সবাজার | ০০১, ০১৬, ০২২, ০২৬ | বরিশাল | ০০২ |
| বান্দরবান | ০১২ | পিরোজপুর | ০০১ |
| খাগড়াছড়ি | ০১০, ০২০ | সুনামগঞ্জ | ০০৪, ০০৭, ০১৫, ০২৩, ০২৫ |
| রাঙ্গামাটি | ০০৬ | সিলেট | ০০৮, ০০৯, ০২০, ০২৭, ০৩১, ০৪১ |
| কুষ্টিয়া | ০০৭, ০২৬, ০৩৮ | হবিগঞ্জ | ০০৪, ০১৪, ০৩০, ০৫৩ |
| মেহেরপুর | ০০৩ | মৌলভীবাজার | ০১০, ০১৬, ০২৪, ০২৬ |
| চুয়াডাঙ্গা | ০০৬, ০১৫ | | |
| মোট ২৫০ জন | | | |

শর্তাবলীঃ

১) জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন এবং সময়ে সময়ে জারীকৃত সরকারি আদেশ/নিয়মাবলী অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।

২) বিভিন্ন সময়ে জারীকৃত সরকারি আদেশ অনুযায়ী চাকুরী নিয়ন্ত্রিত হবে। নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণকে যে কোন সময়ে বাংলাদেশের যে কোন স্থানে বদলী করা যাবে এবং এতে কোন আপত্তি করা চলবে না।

৩) নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের চরিত্র ও অতীত কার্যকলাপের উপর পুলিশী তদন্ত রিপোর্ট না পাওয়া পর্যন্ত নিয়োগ পত্র সাময়িক বলে গণ্য হবে এবং উক্ত রিপোর্ট সন্তোষজনক না হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৪) চাকুরীতে নিয়োজিত থাকাকালে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অন্যত্র চাকুরীর জন্য আবেদন করতে পারবেন না অথবা কোন শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনা চালিয়ে যেতে পারবেন না।

৫) চাকুরী অস্থায়ী বিধায় ১৪ দিনের নোটিশে অথবা নোটিশ প্রদান না করলে উক্ত সময়ের বেতনের সমান অর্থ প্রদান করে কোন কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরী হতে অব্যাহতি প্রদান করা যাবে। চাকুরীতে যোগদানের সময়ে একটি নির্ধারিত ফরমে এ মর্মে একটি অংগীকারপত্রও স্বাক্ষর করতে হবে।

৬) চাকুরীতে যোগদানের পর স্থায়ী ঠিকানা সম্পর্কিত তথ্য, শিক্ষাগত যোগ্যতা এবং বিশেষ কোটা সংক্রান্ত দাখিলকৃত সনদ যাচাইয়ান্তে যদি তা অসত্য/ভূয়া প্রমাণিত হয় তাহলে সংশ্লিষ্ট কর্মচারীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭) যদি পূর্ব থেকেই অন্য কোন সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় নিয়োজিত থাকেন, তাহলে সে অফিস হতে প্রদত্ত বিমুক্তিপত্র দেখাতে না পারলে হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয় এর চাকুরীতে নিয়োগের জন্য অনুপযুক্ত বলে বিবেচিত হবেন।

৮) চাকুরীতে যোগদানকালে নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই জমা দিতে হবে ঃ

(ক) শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব এবং কোটা সংক্রান্ত সনদপত্রের মূল কপি।
(খ) সিভিল সার্জন এর নিকট হতে মেডিক্যাল সার্টিফিকেট।
(গ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসারের নিকট হতে চারিত্রিক সনদ।
(ঘ) তিন কপি সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ।
(ঙ) নিজের বা পরিবারের সদস্যদের জন্য যৌতুক দেবেন না এবং নেবেন না মর্মে ঘোষণা পত্র।

৯) চাকুরীতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।

১০) উপরে বর্ণিত শর্তাদিতে উল্লেখ করা হয়নি কিন্তু সরকারি আদেশে বিদ্যমান আছে এমন সকল শর্তাদি প্রযোজ্য হবে।

১১) নিয়োগপ্রাপ্তগণের যোগাযোগের ঠিকানায় ডাকযোগে নিয়োগপত্র প্রেরণ করা হচ্ছে। প্রেরিত নিয়োগপত্রের মূলকপি যোগদানের সময় প্রদর্শন করতে হবে।

উপর্যুক্ত শর্তাদি পালনে সম্মত থাকা সাপেক্ষে আগামী ০৫/১১/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ে (হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০) যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে চাকুরীতে যোগ দিতে ব্যর্থ হলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১৪/১০/১৮

(মোঃ মাজহারুল ইসলাম)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)
ফোন-৯৩৫৬৫০৯